



## ট্রাম্পের তথ্যচিত্র বিতর্কের মুখে বিবিসির মহাপরিচালক ও বার্তা প্রধানের পদত্যাগ



সংগৃহীত ছবি

ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির মহাপরিচালক টিম ডেভি এবং বার্তাপ্রধান ডেবোরাহ টারনেস পদত্যাগ করেছেন। পদত্যাগের পেছনে মূল কারণ হিসেবে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বক্তব্যের সম্পাদনা, গাজা পরিস্থিতি, ট্রান্সজেন্ডারদের অধিকার এবং অন্যান্য বিষয় সংক্রান্ত বিতর্ক ও পক্ষপাতের অভিযোগকে বলা হচ্ছে। বিবিসির প্রতিবেদনে বলা হয়, প্যানোরামা অনুষ্ঠানে ট্রাম্পের দুটি আলাদা বক্তব্য একত্রিত করে এমনভাবে দেখানো হয়েছিল, যাতে মনে হয় তিনি ২০২১ সালের জানুয়ারিতে ক্যাপিটল হিলে দাঙ্গাকে উসকে দিয়েছিলেন। এই সম্পাদনার জন্য বিবিসি ক্ষমা চাওয়ার প্রস্ততি নিচ্ছিল।

টিম ডেভি এক বিবৃতিতে জানিয়েছেন, “কিছু ভুল হয়েছে, এবং মহাপরিচালক হিসেবে শেষ পর্যন্ত দায়িত্ব আমারই নিতে হবে।”

এদিকে, হোয়াইট হাউস বিবিসিকে ‘বামপন্থি প্রপাগান্ডা মেশিন’ আখ্যা দিয়েছে। প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট অভিযোগ করেছেন, ট্রাম্পের ভাষণ বিকৃতভাবে প্রচার করে দর্শকদের বিভ্রান্তি ছড়িয়েছে।

দ্য টেলিগ্রাফের ফাঁস হওয়া অভ্যন্তরীণ মেমোতে দেখা গেছে, ভিডিওতে ট্রাম্পের দুটি বক্তব্যের মধ্যে ৫৪ মিনিট ব্যবধান থাকলেও তা একত্রিত করে দেখানো হয়েছিল। পদত্যাগের পরও ক্যারোলিন লেভিট সংবাদমাধ্যমটিকে আক্রমণ করেছেন।

টিম ডেভি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে পোস্ট দিয়ে পদত্যাগের খবর শেয়ার করেছেন, যেখানে শিরোনাম ছিল, “ট্রাম্প গোল্ড টু ওয়ার উইথ ‘ফেক নিউজ’ বিবিসি”, যা টেলিগ্রাফের প্রতিবেদনের স্ক্রিনশটের সঙ্গে যুক্ত ছিল।